

বাক্বিতে ৩য় ও
৪র্থ শ্রেণির কর্মচারী
নিয়োগ স্থগিত

■ ময়মনসিংহে প্রতিদিনী ও বাক্বি সংবাদসভা
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের
(বাক্বি) উপাচার্য অধ্যাপক ড. মো.
রফিকুল হকের বিরুদ্ধে নিয়োগ বিধি
অমান্য করে অর্ধের বিনিময়ে নিয়োগ
দেওয়ার অভিযোগ উঠায় পরবর্তী
নির্দেশনা না দেয়া পর্যন্ত বাক্বির সব
ধরনের নিয়োগ স্থগিত করেছে
বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন। এদিকে
দলীয় লোকদের বাদ দিয়ে অর্ধের
বিনিময়ে বিএনপি-জামায়াতপন্থীদের
নিয়োগ দেয়ার অভিযোগে তিন দিন ধরে
প্রস্টর ও রেজিস্ট্রার কার্যালয়ে তানা বন্ধ
করে রেখেছে শাখা ছাত্রলীগ।